



# বাংলাদেশ ব্যাংক

(সেন্ট্রাল ব্যাংক অব বাংলাদেশ)

প্রধান কার্যালয়

মতিঝিল, ঢাকা-১০০০

বাংলাদেশ

ডিপার্টমেন্ট অব অফ-সাইট সুপারভিশন

ডিওএস সার্কুলার লেটার নং- ২০

তারিখ : ১ আষাঢ়, ১৪২৭ বঙ্গাব্দ  
১৫ জুন, ২০২০ খ্রিষ্টাব্দ

ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী কর্মকর্তা  
বাংলাদেশে কার্যরত সকল তফসিলি ব্যাংক।

প্রিয় মহোদয়,

## করোনাভাইরাস সংক্রমিত বিভিন্ন জোন-এ ব্যাংকিং কার্যক্রম প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ে স্বাভাবিক ব্যাংকিং কার্যক্রম শুরু সংক্রান্ত বাংলাদেশ ব্যাংকের ২৮/০৫/২০২০ তারিখের ডিওএস সার্কুলার লেটার নং-১৮ এর (০৩) নং অনুচ্ছেদের প্রতি আপনাদের দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে। উক্ত অনুচ্ছেদে স্বাস্থ্য অধিদপ্তর/সংশ্লিষ্ট প্রশাসন কর্তৃক ঘোষিত করোনাভাইরাস সংক্রমিত মাঝারি ও উচ্চ ঝুঁকিপূর্ণ এলাকায় অবস্থিত ব্যাংক শাখা সমূহের দৈনিক ব্যাংকিং লেনদেনের সময়সূচী পরবর্তী নির্দেশনা না দেয়া পর্যন্ত সকাল ১০.০০ ঘটিকা হতে দুপুর ২.৩০ ঘটিকা পর্যন্ত এবং লেনদেন পরবর্তী আনুষঙ্গিক কার্যক্রম সম্পাদনের জন্য সংশ্লিষ্ট শাখা প্রয়োজনে দুপুর ৪.০০ ঘটিকা পর্যন্ত খোলা রাখার বিষয়ে নির্দেশনা প্রদান করা হয়েছে। স্বাস্থ্য অধিদপ্তর কর্তৃক Bangladesh Risk Zone-Based COVID-19 Containment Implementation Strategy/Guide প্রণীত হওয়ার ফলে এই মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়েছে যে,

ক) স্বাস্থ্য অধিদপ্তর/সিটি কর্পোরেশন/জেলা প্রশাসন কর্তৃক ঘোষিত রেড জোন (উচ্চ ঝুঁকিপূর্ণ এলাকা)-এ অবস্থিত তফসিলি ব্যাংকসমূহের শাখা সাধারণভাবে বন্ধ থাকবে। শাখা খোলা রাখা সংক্রান্ত বিষয়ে সংশ্লিষ্ট প্রশাসনের ভিন্নরূপ কোন নির্দেশনা থাকলে সীমিত জনবলের মাধ্যমে সকাল ১০.০০ ঘটিকা হতে দুপুর ১২.৩০ ঘটিকা পর্যন্ত সীমিত লেনদেন এবং পরবর্তী আনুষঙ্গিক কার্যক্রম সম্পাদনের জন্য প্রয়োজনে দুপুর ১.৩০ ঘটিকা পর্যন্ত শাখা খোলা রাখা যাবে।

তবে, (১) সংশ্লিষ্ট প্রশাসনের সহায়তায় এরূপ এলাকায় অবস্থিত ব্যাংকের প্রধান কার্যালয় এবং প্রধান শাখার কার্যক্রম সকাল ১০.০০ ঘটিকা হতে বিকাল ৪.০০ ঘটিকা পর্যন্ত ন্যূনতম পর্যায়ে চালু রাখতে হবে যাতে ব্যাংকের অন্যান্য শাখার কার্যক্রম বিঘ্নিত না হয়।

(২) মতিঝিল ও দিলকুশা, ঢাকা এবং আছাবাদ ও খাতুনগঞ্জ, চট্টগ্রাম এলাকায় অবস্থিত ব্যাংকের শাখাসমূহ (রেড জোনভুক্ত ঘোষিত হলে) সকাল ১০.০০ ঘটিকা হতে দুপুর ২.০০ ঘটিকা পর্যন্ত সকল প্রকার লেনদেন সম্পাদনের জন্য খোলা রাখতে হবে এবং পরবর্তী আনুষঙ্গিক কার্যক্রম সম্পাদনের জন্য প্রয়োজনে দুপুর ৩.০০ ঘটিকা পর্যন্ত শাখা খোলা রাখা যাবে।

চলমান পাতা-২

৫

খ) স্বাস্থ্য অধিদপ্তর/সিটি কর্পোরেশন/জেলা প্রশাসন কর্তৃক ঘোষিত ইয়েলো এবং গ্রীন জোন-এ অবস্থিত তফসিলি ব্যাংকসমূহের শাখা সকাল ১০.০০ ঘটিকা হতে দুপুর ২.০০ ঘটিকা পর্যন্ত সকল প্রকার লেনদেন সম্পাদনের জন্য খোলা রাখতে হবে এবং পরবর্তী আনুষঙ্গিক কার্যক্রম সম্পাদনের জন্য প্রয়োজনে দুপুর ৪.০০ ঘটিকা পর্যন্ত শাখা খোলা রাখা যাবে।

০২। এই নির্দেশ অবিলম্বে কার্যকর হবে। ইতোপূর্বে জারিকৃত ডিওএস সার্কুলার লেটার নং-১৮/২০২০ এর অন্যান্য নির্দেশনা অপরিবর্তিত থাকবে।

উপর্যুক্ত কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ নির্দেশ জারি করা হলো।

আপনাদের বিশ্বস্ত,



(মোঃ সহিদুল ইসলাম)

মহাব্যবস্থাপক

ফোনঃ ৯৫৩০০৯৩